



# বাংলাদেশ গণিত সমিতি

কার্যালয় : রুম নং ৮০৩, এ এফ মুজিবুর রহমান গণিত ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০

## Bangladesh Mathematical Society

Office: Room No. 803, A F Mujibur Rahman Ganit Bhaban, University of Dhaka, Dhaka-1000, Bangladesh

Web site: [www.bdmathsociety.org](http://www.bdmathsociety.org), BMS E-mail: [bmsoffice1000@gmail.com](mailto:bmsoffice1000@gmail.com)

০৭ জুলাই ২০১৭

### Mathematics Teacher Training Program (MTTP) “Prepare Yourself to Serve the Nation”

বাংলাদেশ গণিত সমিতির উদ্যোগে ও জাপানী CASIO-এর পৃষ্ঠপোষকতায় আয়োজিত **Mathematics Teachers Training Program**-এর দ্বিতীয় ব্যাচের গণিত শিক্ষকদের প্রশিক্ষণ কার্যক্রম ঢাকা বিশ্ববিদ্যালয় এ এফ মুজিবুর রহমান গণিত ভবনের রেজাউর রহমান অডিটোরিয়ামে আগামী ৪ ও ১১ আগস্ট ২০১৭ তারিখ শুক্রবার দিনব্যাপী অনুষ্ঠিত হবে। গণিতকে আরো আকর্ষণীয় ও চমকপ্রদ উপায়ে ছাত্র-ছাত্রীদের কাছে উপস্থাপন করে তাদের মধ্য থেকে গণিত ভীতি কাটিয়ে গণিতের প্রতি তাদের আকৃষ্ট করা এবং আরো যুগোপযোগী করে গণিতকে উপস্থাপন করার মাধ্যমে সবার মধ্যে গণিতপ্রীতি সৃষ্টি করার লক্ষ্যেই মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক (বাংলা ও ইংরেজি মাধ্যম) পর্যায়ের গণিত শিক্ষকদের জন্য এই প্রোগ্রামের আয়োজন।

আপনি জানেন, শিক্ষা ব্যবস্থায় গণিত শিক্ষার গুরুত্ব অপরিসীম এবং অপরিহার্য। ভাল গণিত শিক্ষক পাওয়ার জন্য শিক্ষকদের সময়োপযোগী প্রশিক্ষণ খুবই গুরুত্বপূর্ণ। বাংলাদেশের শিক্ষা ব্যবস্থায় গণিত শিক্ষার গুরুত্বের কথা চিন্তা করে বাংলাদেশ গণিত সমিতি শিক্ষকদের কিভাবে শ্রেণী কক্ষে ছাত্র-ছাত্রীদের আকর্ষণীয়ভাবে পাঠদান করা যায়, গণিত ভয় দূর করা যায়, বিশ্বের সাথে সামঞ্জস্য রেখে শিক্ষাদান করা যায় তার জন্য একটি বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা নেওয়া হয়েছে।

আপনার স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান থেকে সর্বোচ্চ ৪ জন গণিত শিক্ষকের নাম আগামী ৩০-০৭-২০১৭ তারিখের মধ্যে নিম্নোক্ত ঠিকানায় পাঠানোর জন্য বিনীত অনুরোধ করা হল। সর্বোচ্চ ৫০জন প্রশিক্ষণার্থী (অগ্রাধিকার ভিত্তিতে) নিয়ে শুক্রবার সকাল ৯:০০ টা থেকে দুপুর ১:০০ টা ও ২:০০ থেকে ৫:০০ টা পর্যন্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। রেজিস্ট্রেশনের হার ৫০০.০০ (পাঁচশত) টাকা নির্ধারণ করা হয়েছে।

উল্লেখ্য যে, প্রয়োজনে সমিতির কর্মকর্তা শেখ মনিরুজ্জামানের ০১৫৫৮৮৫৯৩২৬ নম্বরে রেজিস্ট্রেশনের ফি বিকাশ করা যাবে।

ওয়েব সাইট <http://bdmathsociety.org/mttp> রেজিস্ট্রেশন করার জন্য অনুরোধ করা হলো।

#### প্রশিক্ষণের বিষয়বস্তু:

- Different teaching, learning methods, motivations & mind set of a teacher.
- Application of mathematics in different fields.
- Classroom management, growing interest of mathematics among students.
- How to prepare an appropriate lesson plan with learning outcomes.
- Use and applications of Scientific Calculator.
- Questions & Answers Session.

(মোঃ কুতুব উদ্দিন)

আহ্বায়ক, MTTP

সহযোগী অধ্যাপক, গণিত বিভাগ, ঢা: বি:

মোবাইল: 01819270799

[kutubu9@gmail.com](mailto:kutubu9@gmail.com)

(ড. মোঃ শহীদুল ইসলাম)

সম্পাদক, বাংলাদেশ গণিত সমিতি

অধ্যাপক, গণিত বিভাগ, ঢা: বি:

মোবাইল: ০১৮১৯৪৯৩৭৬৭

[mshahidul11@yahoo.com](mailto:mshahidul11@yahoo.com)